"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-৩
( www.tmed.gov.bd )

নং- ৫৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫(অংশ-১)-**১৫**

তারিখ: ২০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব জাকের আহমদ এর স্থগিতকৃত বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) ছাড়করণ সংক্রান্ত।

সূত্র: ১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫(অংশ-১)-৪০২, তারিখ: ২৮.১০.১৮খ্রি.।
২. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫(অংশ-১)-৬৪, তারিখ: ১৪.০৫.১৯খ্রি.।
৩.ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০৫.০১০.১৮-৭৬, তারিখ: ০১.০৭.১৯খ্রি.।
৪. উপসচিব (মাদ্রাসা) জনাব কবির আল আসাদ কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, তারিখ: ১৮.০৯.১৮খ্রি.।
৫. ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.১৭.০০১.১৮.২৮৯, তারিখ: ০২.১২.১৯খ্রি.।
৬. ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.১৭.০০১.১৮.৭৬, তারিখ: ০১.০৭.১৯খ্রি.।
৭. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.০১৫.১৩৬.২০১৬-১৮১, তারিখ: ১৫.১০.২০খ্রি.।
৮. ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০৫.০০১.০১.১৬-৩২, তারিখ: ১২.০১.২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদ্রাসার প্রভাষক জনাব জাকের আহমদ জাল জালিয়াতি, প্রতারণা এবং তথ্য গোপনের মাধ্যমে উপাধ্যক্ষ পদে এমপিওভূক্তির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর এমপিও এ বিভাগের সূত্রস্থ ১নং স্মারকে সাময়িকভাবে বন্ধ করা হয়।

০২. পরবর্তীতে উক্ত মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব জাকের আহমদ এর আবেদন, সংশ্লিষ্ট মাদ্রাসার সভাপতির পত্র এবং আদালতের রায় পর্যালোচনাক্রমে বিবেচ্য বিষয়ে মতামতসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দেয়ার জন্য সূত্রস্থ ২নং স্মারকে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০৩. সূত্রস্থ ২নং স্মারকের নির্দেশনা মতে ডিএমই এর ০২ জন কর্মকর্তা (পরিদর্শক) কর্তৃক প্রভাষক জনাব জাকের আহমেদ এর বিষয়ে তদন্তক্রমে তদন্ত প্রতিবেদন সূত্রস্থ ৫নং স্মারকের মাধ্যমে তদন্ত প্রতিবেদন টিএমইডিতে প্রেরণ করা হয়েছে।

০৪. কিন্তু বিষয়টি সুস্পষ্ট না হওয়ায় জনাব জাকের আহমেদ জাল-জালিয়াতি, প্রতারণা এবং তথ্য গোপনের মাধ্যমে উপাধ্যক্ষ পদে এমপিওভূক্ত হওয়া অভিযোগটি সত্য কিনা তা সুস্পষ্টকরণের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে সূত্রস্থ ৭নং স্মারকে পুনরায় অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সূত্রস্থ ৮নং স্মারকে এ বিষয়ে মতামত প্রেরণ করেছেন।

| এ বিভাগ হতে চাহিত তথ্য | ডিএমই এর নিকট হতে প্রাপ্ত তথ্য |
|---|---|
| (ক) জালিয়াতি, প্রতারণা ও তথ্য গোপনের মাধ্যমে উপাধ্যক্ষ পদে এমপিওভূক্ত হওয়া বিষয়ে উত্থাপিত অভিযোগের আলোকে প্রভাষক জনাব জাকের আহমদ এর এমপিও সাময়িকভাবে বন্ধ করা হয়েছিল, কিন্তু মহোদয় কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনে জালিয়াতি, প্রতারণা এবং তথ্য গোপনের মাধ্যমে উপাধ্যক্ষ পদে এমপিওভূক্ত হওয়া বিষয়ে উত্থাপিত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে কি হয়নি এ বিষয়ে কোন তথ্য বা Findings নেই। | (ক) উপাধ্যক্ষ পদে জনাব জাকের আহমদের নিয়োগ জালিয়াতি, প্রতারণা ও তথ্য গোপনের মাধ্যমে সম্পন্ন হয়েছে মর্মে দাবী করে বিজ্ঞ আদালতে গভর্নিং বডি কর্তৃক দায়েরকৃত মামলাগুলো হলো মিছ মামলা নং-০৪/২০১৮, মিছ মোকাদ্দমা নং-২৮/২০১৮, সিআর মোকদ্দমা নং-৩৭৬/২০১৮, মোকদ্দমা নং-১৫০/২০১৮। উল্লেখিত ০৪টি মামলার রায় উপাধ্যক্ষ জনাব জাকের আহমদের পক্ষে হয়েছে। তদন্ত প্রতিবেদনের ১নং অভিযোগের পর্যালোচনাংশে এসব তথ্য তুলে ধরা হয়েছে। বর্ণিত ০৪টি মামলায় বিজ্ঞ আদালত উপাধ্যক্ষ জনাব জাকের আহমদের নিয়োগ ও এমপিও জালিয়াতি, প্রতারণা ও তথ্য গোপনের মাধ্যমে হয়নি মর্মে রায় প্রদান করেছে। |
| (খ) রিট পিটিশন ৬৯১৯/১৮ মামলায় গত ৩১.০৫.২০১৯খ্রি. তারিখের আদেশ অনুযায়ী মহোদয় কর্তৃক পিটিশনার এর আবেদনটি নিষ্পত্তি করার হয়েছে কিনা তা মহোদয়ের পত্রে উল্লেখ নেই। | (খ) রিট পিটিশন নং ৬৯১৯/১৮ মামলার পিটিশনে পিটিশনার কর্তৃক (উপাধ্যক্ষ জাকের আহমেদ) উপাধ্যক্ষ পদের বেতন ভাতাদি পাওয়াসহ দায়িত্ব পালন এবং নিয়মিত অধ্যক্ষ নিয়োগ না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের বিষয় উল্লেখ করা হয়েছে। ৩১.০৫.২০১৮খ্রি. তারিখের রায়ে মহামান্য হাইকোর্ট পিটিশনারের চাহিতব্য বিষয়টি নিষ্পত্তি করতে নির্দেশনা দিয়েছেন। মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পিটিশনারের পিটিশনটি নিষ্পত্তি করার নিমিত্ত প্রতিবেদনে মতামত প্রদান করা হয়েছে। তদন্ত প্রতিবেদনে উল্লেখিত মতামতসমূহ বাস্তবায়িত হলেই পিটিশনারের পিটিশনটি নিষ্পত্তি হবে। নিষ্পত্তির জন্য টিএমইডি এর নির্দেশনা প্রয়োজন। |

| | |
|---|---|
| (গ) জালিয়াতি, প্রতারণা এবং তথ্য গোপনের মাধ্যমে উপাধ্যক্ষ পদে এমপিওভূক্ত হওয়া বিষয়ে উত্থাপিত অভিযোগের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জনাব জাকের আহমদ এর এমপিও চালু করার আইনগত সুযোগ আছে কিনা এ বিষয়ে মহোদয়ের পত্রে কোন তথ্য নেই। | (গ) উপাধ্যক্ষ পদে জনাব জাকের আহমদের নিয়োগ ও এমপিওভূক্তি প্রতারণা ও তথ্য গোপনের মাধ্যমে সংগঠিত হয়েছে এসব অভিযোগ তুলে বিজ্ঞ আদালতে দায়েরকৃত মামলাসমূহের রায় জনাব জাকের আহমদের পক্ষে হয়েছে বিধায় জনাব জাকের আহমেদ এর উপাধ্যক্ষ পদের দায়িত্ব পালনসহ তাঁর বেতন-ভাতাদি চালু করার আইনগত ভিত্তি আছে। |

০৫. তদন্তকারী কর্মকর্তাদ্বয়ের মতামতের সাথে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর একমত পোষণ করেছেন।

০৬. উল্লেখ্য উপাধ্যক্ষ পদে জনাব জাকের আহমদের নিয়োগ জালিয়াতি, প্রতারণা ও তথ্য গোপনের মাধ্যমে সম্পন্ন হয়েছে মর্মে দাবী করে গভর্নিং বডি কর্তৃক দায়েরকৃত মামলাসমূহ (মিছ মামলা নং-০৪/২০১৮, মিছ মামলা নং-২৮/২০১৮, সিআর মামলা নং-৩৭৬/২০১৮, মোকদ্দমা নং-১৫০/২০১৮) খারিজ হয়েছে এবং রিট পিটিশন নং-৬৯১৯/২০১৮ তারিখ: ৩১.০৫.২০১৮ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ রায় দেয়া হয়েছে ।

"Pedning hearing of the Rule, the Respondent No. 3 is directed to dispose of the petitioner's application dated 14.05.2018 within 02(two) months."

০৭. এমতাবস্থায়, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের তদন্ত প্রতিবেদনে চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব জাকের আহমদ এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি মর্মে (আদালতের রায়েও অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ রয়েছে) উল্লেখ্য রয়েছে এবং আবেদনকারী জনাব জাকের আহমেদ গত ২১.১১.২০১৯খ্রি. তারিখে (মামলা রায়ের পর) এ বিভাগে এমপিও প্রাপ্তির জন্য আবেদন করেছেন। তাঁর আবেদনের আলোকে সাময়িক স্থগিতকৃত বেতন-ভাতাদি সরকারি অংশ (এমপিও) ডিসেম্বর/২০১৯ মাস হতে চালু নিশ্চিত করে আগামী ১৪.০২.২০২১ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সৈয়দ আসগর আলী) 06/02/2021
সহকারী সচিব (মাদ্রাসা-৩)
☎ ৯৫৪৫৭২০

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গার্লস গাইস হাউস (৭ম তলা)নিউ বেইলি রোড,ঢাকা।

অনুলিপি:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩) জনাব জাকের আহমেদ, উপাধ্যক্ষ, জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল, মাদ্রাসা, উপজেলা-হাটহাজারী, জেলা-চট্টগ্রাম।
৪) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) অফিস কপি।